



বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী ইসাবা



বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশীপ তৃতীয় আসরে দাবায় চ্যাম্পিয়ন হয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ইসাবা মাসনুন। গতকাল চূড়ান্ত পর্বে ১৪ সেপ্টেম্বর-২০২২ বুধবার ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ ক্যাম্পাসে আয়োজিত ফাইনাল ম্যাচে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের দাবাড়ুকে হারিয়ে চ্যাম্পিয়ন হন তিনি। ইসাবা মাসনুন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের এমফিল ২০২১-২২ সেশনের শিক্ষার্থী।

এ উপলক্ষে ইসাবা মাসনুন ১৫ সেপ্টেম্বর-২০২২ বৃহস্পতিবার উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দিন আহমদ এর সাথে তাদের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। রেজিস্ট্রার, ক্রীড়া কমিটির সদস্য ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ক্রিকেট, ফুটবল, টেবিল টেনিস, ব্যাডমিন্টন, এথলেটিকস, দাবা ও ভলিবল দলের শিক্ষার্থীরা সৌজন্য সাক্ষাত করেন।

উল্লেখ্য, মুজিববর্ষ ও সুবর্ণজয়ন্তী উপলক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ১২৫টি বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে আয়োজিত হচ্ছে। ১১ সেপ্টেম্বর থেকে দাবা প্রতিযোগিতা শুরু হয়। ৪দিনব্যাপী এই প্রতিযোগিতায় দেশের ৩৩টি বিশ্ববিদ্যালয় থেকে ৯৬ জন দাবাড়ু অংশ নেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ছেলে ও মেয়ে এই দুই ক্যাটাগরিতে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর মধ্যে মেয়েদের ক্যাটাগরিতে ছিল ১৯টি বিশ্ববিদ্যালয়।